আল্লাহ তাআলা কিয়ামতের দিন তিন প্রকার লোকের সাথে কথা বলবেন না, তাদেরকে পবিত্র করবেন না এবং তাদের দিকে তাকাবেন না।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু হিসেবে বর্ণিত, “আল্লাহ তাআলা কিয়ামতের
দিন তিন প্রকার লোকের সাথে কথা বলবেন না, তাদেরকে পবিত্র করবেন না এবং তাদের দিকে তাকাবেন না, আর তাদের জন্য রয়েছে কষ্টদায়ক শাস্তি, (১) ব্যভিচারী বৃদ্ধ, (২)
মিথ্যাবাদী শাসক এবং (৩) অহংকারী গরীব।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

তিন শ্রেণির মানুষের সাথে কিয়ামতের দিন আল্লাহ তা‘আলা কথা বলবেন না। তাদের দিকে তাকাবেন না এবং তাদেরকে তাদের গুনাহ থেকে পবিত্র করবেন না, আর তাদের জন্যে রয়েছে মর্মন্তুদ শাস্তি: এক, বৃদ্ধ মানুষ, বয়সের ভারে ন্যুব্জ, তবুও যেনা করে। দুই, যে শাসক মিথ্যা বলে এবং তিন, গরীব তবুও অহংকার করে ও অন্যদের নিকৃষ্ট মনে করে।

http://sunnah.global/hadeeth/bn/show/5910